

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩৮৩

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (১ মানজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা

পরিচ্ছেদঃ ৫/৪২, জামাআতে সালাতের ফযীলত এবং তা থেকে পিছিয়ে থাকার ভয়াবহতার বর্ণনা।

فضل صلاة الجماعة وبيان التشديد في التخلف عنها

আরবী

حَدِيْثُ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ النَّبِيُّ عَلَيْ لَيْسَ صَلَاةٌ أَثْقَلَ عَلَى الْمُنَافِقِينَ مِنَ الْفَجْرِ وَالْعِشَاءِ وَلَوْ يَعْلَمُونَ مَا فِيهِمَا لَأَتَوْهُمَا وَلَوْ حَبْوًا لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ الْمُؤَذِّنَ فَيُقِيمَ ثُمَّ وَالْعِشَاءِ وَلَوْ يَعْلَمُونَ مَا فِيهِمَا لَأَتَوْهُمَا وَلَوْ حَبْوًا لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ الْمُؤَذِّنَ فَيُقِيمَ ثُمَّ آمُرَ رَجُلًا يَوُمُ النَّاسَ ثُمَّ آخُذَ شُعَلًا مِنْ نَارٍ فَأُحَرِّقَ عَلَى مَنْ لاَ يَخْرُجُ إِلَى الصَّلاَةِ بَعْدُ

বাংলা

৩৮৩. আবৃ হুরায়রাহ্ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন যে, নবী সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুনাফিকদের জন্য ফাজর ও 'ইশার সালাত অপেক্ষা অধিক ভারী সালাত আর নেই। এ দু' সালাতের কী ফাযীলত, তা যদি তারা জানতো, তবে হামাণ্ডড়ি দিয়ে হলেও তারা হাযির হতো। (রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম বলেন) আমি ইচ্ছে করেছিলাম যে, মুয়াযযিনকে ইকামাত দিতে বলি এবং কাউকে লোকদের ইমামত করতে বলি, আর আমি নিজে একটি আগুনের মশাল নিয়ে গিয়ে অতঃপর যারা সালাতে আসেনি, তাদের উপর আগুন ধরিয়ে দেই।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০; আযান, অধ্যায় ৩৪, হাঃ ৬৫৭; মুসলিম, পর্ব ৫: মসজিদ ও সতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৪২, হাঃ ৬৫১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন